২৩০

দৈনিক জনকণ্ঠ

তারিখ 26 OCT 1998
পৃঃ ৮ কলাম ৫

# মোবাইল ফোন নিষিদ্ধ হলো পরীক্ষার হলে

স্টাফ রিপোর্টার ॥ মোবাইল ফোন এবার নিষিদ্ধ হয়েছে পরীক্ষার হলে। কারণ মোবাইল ফোনের মাধ্যমেও পরীক্ষায় অসদুপায় অবলম্বন করা যায়। বেশ কিছুদিন ধরে মোবাইল প্রযুক্তির অপব্যবহার করছিল প্রযুক্তিবিদ্যার কিছু ছাত্র। বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ তাই পরীক্ষার হলে মোবাইল ফোন না নিয়ে ঢোকার জন্য ছাত্রদের নির্দেশ দিয়েছে। এক সার্কুলারে বলা হয়েছে, মোবাইল ফোন নিয়ে পরীক্ষার হলে প্রবেশ শাস্তিযোগ্য অপরাধ।

জানা যায়, প্রকৌশল

(২- পৃষ্ঠা ৩-এর কঃ দেখুন)

## মোবাইল ফোন নিষিদ্ধ

(৮-এর পাতার পর) বিশ্ববিদ্যালয়ের সচ্ছল ছাত্রদের অনেকেই মোবাইল ফোন ব্যবহার করে। কেউ কেউ মোবাইল ফোন ব্যবহার করে পরীক্ষায় অসদুপায় অবলম্বনের কাজে। ফোনের অপর প্রান্ত থেকে প্রশ্নের জবাব বলে দেয়া হয়। সূত্র জানায়, কয়েকজন দক্ষ পরীক্ষক এ বিষয়টি অবগত হয়েছেন। তাঁরা লক্ষ্য করেছেন যে, মোবাইল ফোন বেজে উঠলে ও ফোনে কথা বলার সময় অন্যান্য পরীক্ষার্থীর মনোযোগ নষ্ট হয়। এসব কারণে গত শনিবার পরীক্ষা নিয়ন্ত্রক এক সার্কুলারে মোবাইল ফোন নিয়ে পরীক্ষার হলে পরীক্ষার্থীদের না ঢোকার নির্দেশ দিয়েছেন। আরও নির্দেশ দেয়া হয়েছে, পরীক্ষার হলে ব্যক্তিগত ষ্ট্যাপলার মেশিন ব্যবহার না করার জন্য। ইতোপূর্বে পরীক্ষার হলে প্রোগ্রামেবল ক্যালকুলেটর ব্যবহার নিষিদ্ধ করা হয়। প্রযুক্তিবিদ্যার ছাত্ররা এভাবে একে একে পরীক্ষার হলে প্রযুক্তির ব্যবহার থেকে বঞ্চিত হচ্ছে।